

১৪

৪০

চট্টগ্রাম ভাসিটির নয়া ভাইস চ্যান্সেলর

চট্টগ্রাম অফিস।। দীর্ঘদিন ধরিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনেক আন্দোলন, পোস্টবোন, হরতাল, ধর্মঘট, ফেরাও, অবরোধ এবং পান্টা কর্মসূচীর মধ্যে গত সোমবার সরকার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে নতুন ভিসি এবং প্রো-ভিসি নিয়োগ করিয়াছেন। অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দিনের হয়ে অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরীকে নতুন ভিসি এবং অধ্যাপক বদিউল আলমকে প্রো-ভিসি নিয়োগ করা হইয়াছে। ইতিপূর্বে ভিসির সহিত কোন প্রো-ভিসি ছিলেন না। (শেষ পৃঃ দ্রঃ)

চট্টগ্রাম ভাসিটি

(১ম পৃঃ পর)

গত এক বৎসর যাবৎ ভিসির পক্ষে-বিপক্ষে আন্দোলনের এক পর্যায়ে মাত্র ১ বৎসর পূর্বে গত বৎসর ২২শে ডিসেম্বর সর্বদলীয় ছাত্র ঐক্য এবং শিবিরের এক সংঘর্ষে সর্বদলীয় ছাত্র ঐক্য কর্মী ফারুক জামান ফারুক নিহত হন। উল্লেখ্য, অধ্যাপক সিরাজউদ্দিন '৮৯ সালে সিনেট কর্তৃক ৪ বৎসরের জন্য নির্বাচিত হইয়াছিলেন।

পক্ষে-বিপক্ষে প্রতিক্রিয়া

সর্বদলীয় ছাত্র ঐক্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভা স্থানীয় দোস্ত বিন্ডিংস্থ জামদ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। চাকসুর ভিপি নাজিম উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন চাকসুর জি, এম আজিমউদ্দিন আহমদ, মঞ্জুর আলম শাহীন, মোকাদ্দেছ শাহীন, মোঃ আতিক প্রমুখ। সভায় গৃহীত সিদ্ধান্তে '৭৩ সনের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লঙ্ঘন করিয়া ভিসি অপসারণের তীব্র নিন্দা জ্ঞাপন এবং এ ধরনের সিদ্ধান্তের জন্য শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবী করা হয়। সভায় অবিলম্বে নয়া ভিসির নিয়োগ প্রত্যাহারসহ ফারুক হত্যার আসামীদের গ্রেফতারের দাবী জানানো হয়। সভায় ১লা জানুয়ারী চট্টগ্রামের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘটের কর্মসূচী গ্রহণ করা হয় এবং মন্ত্রিসীরা গ্রেফতার না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়।

অপরদিকে অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দিনের অপসারণকে অভিনন্দন জানাইয়া ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, জামায়াতে ইসলামী চট্টগ্রাম শাখা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ, সংগ্রামী ছাত্র ঐক্য বিবর্তি দিয়াছে ইসলামী ছাত্রশিবির বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে ক্যাম্পাসে শোক-রানা মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। রেজাউন করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন গোলাম কবির, জাকির হোসেন প্রমুখ। নেতৃত্ব দেন, ভিপি অপসারণের ফলে ছাত্রদের দীর্ঘদিনের আন্দোলন সফল হইল।